

🗏 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০: ৮৪

া আরবি মূল আয়াত:

قَالَ هُم أُولَاءِ عَلَى ٱتَّرِى وَ عَجِلتُ اللَّهِ رَبِّ لِتَرضٰى ﴿٨٢﴾

🗚 অনুবাদসমূহ:

মূসা বলল, 'এই তো তারা আমার পিছনে। হে আমার রব, আমি তাড়াতাড়ি করে আপনার নিকট এসেছি, যাতে আপনি আমার উপর সম্ভুষ্ট হন'। — আল-বায়ান

মূসা বলল, 'এই তো তারা আমার পদচিহ্ন ধরে আসছে, আমি আপনার কাছে জলদি এলাম, হে আমার প্রতিপালক! যাতে আপনি সম্ভুষ্ট হন।' — তাইসিক্রল

সে বললঃ এইতো তারা আমার পশ্চাতে এবং হে আমার রাব্ব! আমি ত্বরায় আপনার নিকট এলাম, আপনি সন্তষ্ট হবেন এ জন্য। — মুজিবুর রহমান

He said, "They are close upon my tracks, and I hastened to You, my Lord, that You be pleased." — Sahih International

৮৪. তিনি বললেন, তারা তো আমার পিছনেই আছে।(১) আর হে আমার রব! আমি তাড়াতাড়ি আপনার কাছে আসলাম, আপনি সম্ভুষ্ট হবেন এ জন্য।

(১) আল্লাহ্ তা'আলার উল্লেখিত প্রশ্নের জবাবে মূসা আলাইহিস সালাম বললেন, আমার সম্প্রদায়ও পেছনে পেছনে আছে। এখানে 'তারা আমার পিছনে' বলে কারও কারও মতে বুঝানো হয়েছে যে, তারা আমার পিছনেই আমাকে অনুসরণ করে আসছে। অপর কারও কারও মতে, তারা আমার পিছনে আমার অপেক্ষায় আছে। [দেখুন, ফাতহুল কাদীর] কোন কোন মুফাসসির বলেন, এখানে কাওমের সত্তর জন লোকের কথা বলা হচ্ছে যাদেরকে মূসা আলাইহিস সালাম সাক্ষী হিসেবে নিয়ে এসেছিলেন। কিন্তু পর্বতের কাছাকাছি এসে তিনি তাদেরকে রেখে আল্লাহর কথা শুনার আগ্রহে তাড়াতাড়ি এসে পড়েছিলেন। [বাগভী] অথবা আমি একটু ত্বরা করে এসে গেছি; কারণ নির্দেশ পালনে অগ্রে অগ্রে থাকা নির্দেশদাতার অধিক সম্ভুষ্টির কারণ হয়ে থাকে। আপনাকে খুশী করার জন্যই আমি তাড়াতাড়ি এসেছি।

তাফসীরে জাকারিয়া

(৮৪) সে বলল, 'ওই তো ওরা আমার পশ্চাতে আসছে এবং হে আমার প্রতিপালক! আমি তাড়াতাড়ি তোমার নিকট এলাম, তুমি সম্ভুষ্ট হবে এই জন্য।' [1]



[1] লোহিত সাগর পার করার পর মূসা (আঃ) বানী ইস্রাঈলের সম্মানিত লোকদেরকে সাথে নিয়ে তুর পাহাড়ের দিকে রওয়ানা হলেন। কিন্তু প্রভুর সঙ্গে সাক্ষাতের তীব্র বাসনায় সাথীদেরকে পিছনে রেখে দ্রুত গতিতে পাহাড়ে পৌঁছে গেলেন। প্রশ্নের উত্তরে তিনি বললেন, তোমার সন্তুষ্টি তাড়াতাড়ি পাবার আশায়। আর তারা আমার পিছনেই আসছে। কেউ কেউ বলেন, এর অর্থ এই নয় যে, তারা আমার পিছনে আসছে; বরং অর্থ হল, তারা আমার পিছনে তুর পাহাড়ের নিকটেই রয়েছে এবং আমার ফিরে যাওয়ার অপেক্ষায় রয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2432

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন